

মহাপরিচালক (ভারপ্রাপ্ত) এর জীবন বৃত্তান্ত

জনাব নেছার আহমেদ খান ০৯ মে ১৯৬৭ সালে আজিমপুর, ঢাকাতে জন্মগ্রহণ করেন। তাঁর পৈত্রিক নিবাস ঢাকা নগরীর মিরপুরে অবস্থিত। তিনি ঢাকা বোর্ড হতে বিজ্ঞান বিভাগে ১৯৮৩ সালে টিএন্ডটি উচ্চ বিদ্যালয়, মতিঝিল হতে এসএসসি ও ১৯৮৫ সালে নটরডেম কলেজ, ঢাকা হতে এইচএসসি পাস করেন। পরবর্তীতে তিনি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান বিভাগে সন্মানসহ ১৯৮৯ সালে এমএসসি ডিগ্রি লাভ করেন।

তিনি ০৩ ফেব্রুয়ারি ১৯৯৪ সালে প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়ের অধীনে সহকারী পরিচালক (পরিসংখ্যান) পদে যোগদান করেন। চাকরি জীবনে তিনি সেনাবাহিনী সদর দপ্তর ও নৌবাহিনী সদর দপ্তরের বিভিন্ন পদে গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেন। এছাড়াও তিনি বেসামরিক কর্মচারী পরিদপ্তর, নৌসদরে পরিচালক (DCP) হিসেবে ২০ ডিসেম্বর ২০২২ হতে ২৮ মে ২০২৩ তারিখ এবং প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয়ে পরিচালক হিসেবে মহাপরিচালক এর চলতি দায়িত্বের পূর্ব পর্যন্ত কর্মরত ছিলেন। পরবর্তীতে তিনি গত ২৫ জুন ২০২৩ তারিখ হতে মহাপরিচালক (ভারপ্রাপ্ত) হিসেবে দায়িত্ব পালন করছেন। তিনি নিম্নবর্ণিত স্থানসমূহে পরিভ্রমণ করেনঃ

ক। আন্দামান নিকোবর দ্বীপপুঞ্জ এবং শ্রীলংকার কলোস্বোতে বিএনএস সমুদ্র অভিযান ফিগ্রেটে (Goodwill Mission) এর সদস্য হিসেবে নৌসদর হতে অংশগ্রহণ করেন।

খ। বাংলাদেশ সেনাবাহিনী হতে জাতিসংঘ শান্তিরক্ষা মিশন BANRDB-3, MONUSCO তে Public Relation Officer (Lieutenant Colonel সমমর্যাদায়) হিসেবে ১৪ মাস (২০১৯ হতে ২০২০) (Democratic Republic of the Congo) কঙ্গো বুনিয়াতে কর্মরত ছিলেন।

গ। তিনি ২০০৬ ও ২০১৮ সালে সৌদি আরব ভ্রমণ করেন। এছাড়াও আফ্রিকার কেনিয়া (নাইরোবি), ইথিওপিয়া, উগান্ডা, রুয়ান্ডা, তুরস্ক ও সাউথ সুদান (জুবা) ভ্রমণ করেন।

জনাব নেছার আহমেদ খান ব্যক্তিগত জীবনে বিবাহিত। তিনি এক কন্যা সন্তানের জনক।